দৈনিক ইনকিলাব

তারিখ ...........
পৃষ্ঠা ... কলাম ... ৪

# ইসলামী বিশ্ববিদ্যালয়ে ভর্তি তথ্য

ইসলামী বিশ্ববিদ্যালয় বাংলাদেশে একটি নতুন ধারার বিশ্ববিদ্যালয়। দেশের সীমান্তবর্তী কুষ্টিয়া ও ঝিনাইদহ জেলার মধ্যবর্তী শান্তিডাঙ্গা দুলালপুরের ছায়া সুনিবিড় প্রাকৃতিক পরিবেশে এ বিশ্ববিদ্যালয়টির অবস্থান। এখানে একইসঙ্গে ধর্মতত্ত্ব, মানবিক ও সমাজ বিজ্ঞান, ব্যবসায় প্রশাসন, আইন, ফলিত বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ে শিক্ষাদান করা হয়। আধুনিক ও ইসলামী শিক্ষার উচ্চতর বিদ্যাপীঠ এ বিশ্ববিদ্যালয়ে বর্তমানে ৫টি অনুষদভুক্ত ১৮টি বিভাগে ৭ সহস্রাধিক ছাত্র-ছাত্রী অধ্যায়ন করছে। এছাড়া বহু ছাত্র-ছাত্রী বিভিন্ন বিষয়ে উচ্চতর গবেষণা করছে। বিশ্ববিদ্যালয়ে আধুনিক সকল সুযোগ-সুবিধার পাশাপাশি ছাত্র-ছাত্রীদের আবাসিক সুবিধার জন্য রয়েছে ৫টি হল। প্রতিবছর আবাসিক ও অনাবাসিক এ দুই প্রক্রিয়ায় ছাত্র-ছাত্রী ভর্তি করা হয়। প্রতিবছরের ন্যায় চলতি ২০০১-২০০২ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষে ভর্তির জন্য ছাত্র-ছাত্রীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা হয়েছে। ভর্তিচ্ছুদের সুবিধার্থে ভর্তির বিস্তারিত তথ্য নিম্নে উল্লেখ করা হল।



**যেসব বিভাগে ভর্তি করা হবে :** ইসলামী বিশ্ববিদ্যালয়ের ৫টি অনুষদভুক্ত ১৮টি বিভাগে ১০৯০ জন এবং বিশেষ কোটায় ৭৫ জনসহ মোট ১১৬৫ জন ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে। এর মধ্যে আল কুরআন, দাওয়াহ্ ও আল হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ, অর্থনীতি, রাষ্ট্রনীতি ও লোক প্রশাসন, ইসলামের ইতিহাস, আরবী ভাষা ও সাহিত্য, আইন, হিসাব বিজ্ঞান এবং ব্যবস্থাপনা বিভাগে ৭০ জন করে, ইংরেজী বিভাগে ১০০ জন, বাংলা বিভাগে ৮০ জন, ইলেক্ট্রনিক্স ও ফলিত পদার্থ বিজ্ঞান, কম্পিউটার বিজ্ঞান ও প্রযুক্তি এবং ফলিত রসায়ন ও রাসায়নিক প্রযুক্তি বিভাগে ৪০ জন করে এবং ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি, ফলিত পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ও বায়োটেকনোলজি বিভাগের প্রত্যেকটিতে ৩০ জন ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে।

**যারা আবেদন করতে পারবেন :** ২০০০ ও ২০০১ সালের উচ্চ মাধ্যমিক ও সমমানের ও ২০০১ সালের ফাজিল পরীক্ষায় যেসব ছাত্র-ছাত্রী উত্তীর্ণ হয়েছে এবং উভয় পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগ পেয়েছে কেবলমাত্র তারাই ভর্তির জন্য আবেদন করতে পারবে।

**ভর্তির আবেদনপত্র যেখানে পাওয়া যাবে :** ইসলামী বিশ্ববিদ্যালয়ে চলতি শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষে ছাত্র-ছাত্রী ভর্তি কার্যক্রম ইতিমধ্যেই গত ৭ অক্টোবর থেকে ভর্তি ফরম বিতরণের মাধ্যমে শুরু হয়েছে। ভর্তির প্রাথমিক আবেদন ফরম আগামী ৮ নভেম্বর পর্যন্ত অগ্রণী ব্যাংকের কুষ্টিয়া, ঝিনাইদহ এবং ইসলামী বিশ্ববিদ্যালয় শাখায় ১০০ টাকার বিনিময়ে পাওয়া যাবে।

**আবেদনপত্রের সঙ্গে কি কি দিতে হবে :** যদি কোন ছাত্র-ছাত্রী একাধিক বিভাগে ভর্তির জন্য আবেদন করতে চায় তাহলে তাকে প্রত্যেক বিভাগের জন্য পৃথক পৃথক আবেদনপত্র সংগ্রহ করে তা যথাযথভাবে পূরণ করে আগামী ৮ নভেম্বরের মধ্যে সংশ্লিষ্ট বিভাগীয় অফিসে জমা দিতে হবে। আবেদনপত্রের সঙ্গে সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের ২ কপি সত্যায়িত ছবি, শিক্ষা বোর্ডসমূহ কর্তৃক ইস্যুকৃত মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার সনদপত্রের সত্যায়িত ফটোকপি এবং শেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রশংসাপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। আবেদনপত্র জমা দিয়ে সংশ্লিষ্ট বিভাগ থেকে প্রবেশপত্র নিতে হবে। প্রবেশপত্র ব্যতীত কাউকে ভর্তি পরীক্ষায় অংশ নিতে দেয়া হবে না।

**ভর্তির জন্য মেধা নির্বাচন পদ্ধতি :** উচ্চ মাধ্যমিক/সমমান পর্যায়ের পাঠ্যক্রমের ভিত্তিতে ১৫০ নম্বরের লিখিত ভর্তি পরীক্ষা নেয়া হবে। পরীক্ষার সময় ২ ঘন্টা এবং ন্যূনতম পাস নম্বর হবে ৪৫। লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম অনুযায়ী ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে। আগামী ১৮ নভেম্বর থেকে ২৭ নভেম্বর পর্যন্ত প্রতিদিন ২ শিফটে ১৮টি বিভাগের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার বিষয়ভিত্তিক বা নম্বর বিন্যাস এবং বিস্তারিত সময়সূচী ভর্তি নির্দেশিকায় পাওয়া যাবে।

**বিশেষ কোটায় ভর্তি :** মেধাক্রম ছাড়াও বিশেষ কোটায় নির্দিষ্ট সংখ্যক খেলোয়াড়, শিল্পী, মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/আদিবাসী/উপজাতি, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের পোষ্য ভর্তি করা হবে। বিশেষ কোটায় ভর্তির জন্য ছাত্র-ছাত্রীদের যথাযথভাবে ভর্তি পরীক্ষায় অংশ নিয়ে ন্যূনতম ৪৫ নম্বর পেতে হবে এবং বিভাগীয় শর্ত পূরণ করে সংশ্লিষ্ট নির্বাচনী কমিটি কর্তৃক নির্বাচিত হতে হবে।

❑ রকীবুল হক রকীব